গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২১.১২.২০২৫ খ্রি.

## ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে মুরারিচাঁদ কলেজ, সিলেট কেন্দ্র থেকে অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদেরকে নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী অনলাইনে আবেদন করে আবেদনকৃত ফরম কলেজে কমিটির নিকট জমাদানের নির্দেশ দেয়া যাচ্ছে।

ডিগ্রী পাস কোর্সের পরীক্ষা বিষয়ক ওয়েবসাইট: (http://ems.nu.ac.bd)

অনলাইনে ফরম ডাউনলোড করে প্রিন্ট কপি কমিটির নিকট

জমাদানের তারিখ: ০৫.০১.২০২৬ খ্রি. থেকে ১১.০১.২০২৬ খ্রি. (সরকারি ছুটির দিন ব্যতীত)

জমাদানের সময়: প্রতিদিন সকাল ১১ ঘটিকা হতে দুপুর ২.৩০ ঘটিকা

জমাদানের স্থান: তথ্য ও অনুসন্ধান কেন্দ্র, মুরারিচাঁদ কলেজ, সিলেট

### পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর)ঃ

i) ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০২৩ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর)ঃ

(i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে **Promoted** (উত্তীর্ণ) হয়েছে কিন্তু ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে Not **Promoted** (অকৃতকার্য) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(ii) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২০, ২০২১,২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্ত সাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ **Promoted-C** হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২য় বর্ষে “বাংলা জাতীয় ভাষা” আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

ডিগ্রী ২য় বর্ষের যেসকল শিক্ষার্থী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদের ফরম পূরণের কোন সুযোগ নাই।

## গ) অকৃতকার্য ও মানোন্নয়ন:

i) ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী যারা ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Not Promoted** হয়েছে বা কোন পত্রে/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii)

এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ এবং ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত(প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় অন্তর্ভূক্তি ফি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ১ম ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৪ সালের ২য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। শর্ত থাকে যে, ২০২৪ সালের ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না।

iii) যে সকল শিক্ষার্থী ২০২৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় ১ম বার অংশগ্রহণ করে কোন পত্র/কোর্সে C, C+ গ্রেড বা D গ্রেড পেয়েছে তারা সর্বোচ্চ দু'টি কোর্সে/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

## ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০১৯, ২০২০, ২০২১, ২০২২,২০২৩ ও ২০২৪ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থী ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## সিলেবাস (নিম্নে বর্ণিত সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণয়ন করা হবে)ঃ

২০২৪ সালের ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

***ফলাফল:***

১। পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

২। লিখিত ও ইনকোর্স পরীক্ষার নম্বর যোগ করে ফলাফল নির্ধারণ করা হবে।

## আবেদন ফরম পূরণের নিয়মাবলী

১. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(http:/ems.nu.ac.bd/student-login)** এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। উক্ত প্রিন্টকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ) উল্লেখ থাকবে। বিষয় কোড ভুল পূরণের ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২. উক্ত প্রিন্ট কপি নিয়ে নিয়মিত/ প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীরা অনলাইনে ডাউনলোডকৃত ফরমের উল্লেখিত টাকা ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কলেজের প্রদত্ত ফি **"ই-শিক্ষা"** এর মাধ্যমে জমা দিতে হবে।

৩. সেশন ফি (সোনালী-ই সেবার রশিদ) ও ফরম পূরণ ফি (ই-শিক্ষার রশিদ) জমার উভয় রশিদ এর কলেজ কপি প্রিন্টকৃত ফরমের সাথে সংযুক্ত করে তথ্যকেন্দ্রে সংশ্লিষ্ট কমিটির নিকট নির্ধারিত তারিখে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের সেশন ফি সোনালী-ই সেবার মাধ্যমে এবং নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সের সকল পরীক্ষার্থীকে ফরম পূরণ ফি অবশ্যই **"ই-শিক্ষা"** এর মাধ্যমে জমা দিতে হবে। পরীক্ষার্থীকে নিজে টাকা জমা দিয়ে নিজে উপস্থিত হয়ে ফরম জমাদানের পরামর্শ দেয়া গেল। অন্যথায় ফরম পূরণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৪. প্রত্যেক শিক্ষার্থীকে সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রিন্টকৃত ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা সংযুক্ত করে জমা দিতে হবে।

৫. অনলাইন আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি জমা দিতে হবে।

# বিভিন্ন ফি প্রদান সংক্রান্ত নির্দেশনা

ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু যে সকল নিয়মিত এবং অনিয়মিত শিক্ষার্থী তাদের ২য় বর্ষের কলেজ সেশন ফি ও অভ্যন্তরীণ পরীক্ষার ফি জমা দেয়নি তাদের প্রথমে নিম্নোক্ত ছক অনুযায়ী সেশন ফি এবং অভ্যন্তরীণ পরীক্ষার ফি সোনালী-ই সেবার মাধ্যমে জমা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলোঃ

## ২য় বর্ষ নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের প্রদেয় ফি (টাকায়):

| গ্রুপ | ***মোট প্রদেয় ফি:*** | |
|---|---|---|
| | মুসলিম পরীক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী পরীক্ষার্থী |
| ডিগ্রী পাস ২য় বর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত সকল শিক্ষার্থী (বিএ/বিএসএস) | ২,৯৮০/- | ২,৯৮৫/- |
| ডিগ্রী পাস ২য় বর্ষে অধ্যয়নরত নিয়মিত ও অনিয়মিত সকল শিক্ষার্থী (বিএসসি) | ৩,০৮০/- | ৩,০৮৫/- |

## ***সেশন ফি প্রদানের পদ্ধতি***

***শিক্ষার্থীরা*** **https://sbl.com.bd:7070** ***লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা*** **(Sonali eSheba)** ***মোবাইল অ্যাপের*** **"National University Fees"** ***মেন্যু থেকে*** **"Session Fee"** ***বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফরম পূরণ ফি*** পরিশোধ করবে। সেশন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ (Payment Slip) শিক্ষার্থী সংরক্ষণ করবে। উল্লেখ্য যে, নিয়মিত/অনিয়মিত সকল শিক্ষার্থীকে "***সোনালী ই-সেবা*** **(Sonali eSheba)** ***"*** এর মাধ্যমে টাকা জমা দিতে হবে।

বি. দ্র. সোনালী-ই সেবার মাধ্যমে সেশন ফি প্রদানের স্লিপ ফরম পূরণের সময় জমা দিতে হবে।

খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের নিম্নোক্ত ছক অনুযায়ী ফরম পূরণ ফি ই-শিক্ষার মাধ্যমে জমা প্রদান করার জন্য নির্দেশ দেওয়া হলোঃ

| পরীক্ষার্থীর ধরণ | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ | কেন্দ্র ফি+ইনকোর্স ও ব্যবস্থাপনা ফি | মোট প্রদেয় ফি |
|---|---|---|---|
| ২য় বর্ষ বিএ/বিএসএস নিয়মিত (৭০০ নম্বর) | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১২০০/-) | ৪৫০+১০০+৫০ | ১,৮০০/- |
| ২য় বর্ষ বিএসসি নিয়মিত/অনিয়মিত (৭০০ নম্বর) | | | |
| বিএ/বিএসএস/বিবিএস ও প্রাইভেট | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (১২০০/-) | ৪৫০+৫০+৫০ | ১,৭৫০/- |
| সার্টিফিকেট কোর্স | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ (৩০০/-) | ৪৫০+৩০০+৫০ | ১১০০/- |
| মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন/অনিয়মিত | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ | ৫০০/- | - |
| ২য় বর্ষ বিএ/বিএসএস ***অনিয়মিত*** | অনলাইনে পূরণকৃত ফরমে উল্লেখিত টাকার পরিমাণ | ৫০০/- | - |
| ২য় বর্ষ বিএসসি ***অনিয়মিত*** | | | |
| Conditional Promoted (C-Promoted) পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্ধারিত ফি এর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি ১৫০০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে। | | | |

## ফরম পূরণ ফি প্রদানের পদ্ধতি

১। ক) নিয়মিত/অনিয়মিত (সকল পত্র) শিক্ষার্থীরা সরাসরি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত টাকা Degree রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে জমা দিয়ে মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরমপূরণের ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com -** *এ গিয়ে* **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** *করে* **Pay slip** *প্রিন্ট* করতে হবে।

খ) অনিয়মিত, মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (এক বা একাধিক কোর্স) পরীক্ষার্থীরা মুরারিচাঁদ কলেজ, সিলেট এর ফরম পূরণের ওয়েবসাইট **http://mccollege.eshiksaems.com-** *এ গিয়ে* **User Name: mcstudent** ও **Password: mcstudent** দিয়ে **Login** *করে* **Improvement Form Fillup** *এ* ক্লিক করতে হবে। এরপর Degree রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View charge and course detail ক্লিক করে বিষয় সিলেক্ট করে Submit করলে টাকার পরিমাণসহ ফরম পূরণের ফরম আসবে। এরপর শিক্ষার্থীরা বিকাশ/রকেট (বিলার আইডি-*১৮৯২)/ সোনালী সেবা-এ নির্ধারিত টাকা পরিশোধ করবে। এরপর* **Receipts Print** *অপশনে গিয়ে* **Pay slip** *প্রিন্ট করতে হবে।*

বি. দ্র. ১। ২০২৩ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অকৃতকার্য হয়েছে এমন শিক্ষার্থীরা পুন:ভর্তি সাপেক্ষে ২০২৪ সালের ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।

২। আবেদন সংক্রান্ত যে কোনো পরামর্শ নেওয়ার জন্য প্রয়োজনে কলেজের তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

৩। ই-শিক্ষার মাধ্যমে ফরম পূরণ ফি প্রদানের স্লিপ ফরম পূরণের সময় জমা দিতে হবে।

উপর্যুক্ত নির্দেশাবলী এবং বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি মোতাবেক সঠিকভাবে আবেদন ফরম পূরণ কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এছাড়াও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত নোটিশ থেকে পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর

২১/১২/২৪

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

২১.১২.২০২৫

আহবায়ক
ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষা কমিটি-২০২৪
মুরারিচাঁদ কলেজ, সিলেট